দৈনিক খবর

তারিখ ... 29 OCT 1992
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৩ ...

38

# শিক্ষা বিভাগের সরকারী কর্মচারীরা ১৫ই নভেম্বর থেকে ধর্মঘটে যাচ্ছে

।। ষ্টাফরিপোর্টার ।।

বাংলাদেশ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা সরকারী কর্মচারী সম্মিলিত পরিষদ ৭ দফা দাবীর সমর্থনে আগামী ১৫ই নভেম্বর হতে অনির্দিষ্টকালের জন্যে ধর্মঘট শুরু করবেন।

গতকাল বুধবার বিকেলে শিক্ষা

২ এর পাতায় দেখুন

## শিক্ষা বিভাগের

প্রথম পৃষ্ঠার পর

ভবনস্থ পরিষদের কার্যালয়ে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে নেতৃবৃন্দ এ কর্মসূচী ঘোষণা করেন। পরিষদ একই দাবীর সমর্থনে আগামী ৯ই নভেম্বর হতে ১৪ই নভেম্বর পর্যন্ত প্রতিদিন ২ ঘন্টার কর্মবিরতি, শিক্ষা ভবনে কর্মচারী জমায়েত ও বিক্ষোভ মিছিল করবে।

সাংবাদিক সম্মেলনে বক্তব্য রাখেন পরিষদের সভাপতি মোঃ সালেউদ্দিন সেলিম, উপদেষ্টা মোঃ নূরুজ্জামান মিয়া। সম্মেলনে পরিষদের সহ-সভাপতি মঈনুল হক বার ভূঁইয়া, কফিল উদ্দিন আহম্মদ, আব্দুল হান্নান, রিয়াজ উদ্দিন আকন্দ, যুগ্ম-সচিব মোঃ মাহবুবুর রহমান, আজিজুল হক, সাংগঠনিক সম্পাদক মোঃ সোলেমান, সিরাজ উদ্দিন, দপ্তর সম্পাদক মোঃ শাহ আলমসহ অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত